



চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
জনসংযোগ শাখা  
প্রেস বিজ্ঞপ্তি

১২ এপ্রিল ২০১৭ খ্রি.

**১৩ এপ্রিল ২০১৭ খ্রি. বৃহস্পতিবার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত  
পরিষদের সকল কাউন্সিলরদের সংবাদ সম্মেলন**

অতি সম্প্রতি চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও নির্বাচিত মেয়র এবং নির্বাচিত পরিষদকে জড়িয়ে সভা সমাবেশ ও সংবাদ সম্মেলনে সাবেক মাননীয় মেয়র প্রদত্ত বিভ্রান্তিমূলক মিথ্যাচার প্রসঙ্গে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত সংসদের সকল কাউন্সিলরদের উদ্যোগে ১৩ এপ্রিল ২০১৭ খ্রি. বৃহস্পতিবার, বেলা- ১১ টায় জামালখান প্রেস ক্লাব ভবনের নিচ তলাস্থ ইঞ্জিনিয়ার আবদুল খালেক মিলনায়তনে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে।

১২ এপ্রিল ২০১৭ খ্রি.

**চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে পহেলা বৈশাখ নববর্ষ উদযাপন উপলক্ষে  
বৈশাখী ও লোকজ উৎসব**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ১৪২৪ বঙ্গাব্দ পহেলা বৈশাখ নববর্ষ উদযাপন উপলক্ষে বৈশাখ ও লোকজ উৎসব ১৪ এপ্রিল ২০১৭ খ্রি. শনিবার, সকাল ৯ টা থেকে বহদারহাটস্থ স্বাধীনতা পার্কে অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। বৈশাখী মেলায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর, কর্মকর্তা-কর্মচারী সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে।

১২ এপ্রিল ২০১৭ খ্রি.

**১৫ এপ্রিল ২০১৭ খ্রি. নগরীর ৪১টি ওয়ার্ডে জঙ্গীবাদ, মাদক ও পৌরকর বিষয়ে  
সচেতনতামূলক র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হবে**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আগামী ১৫ এপ্রিল ২০১৭ খ্রি. বেলা সাড়ে ১১ টায় নগরীর ৪১টি ওয়ার্ডে জঙ্গীবাদ, মাদক ও পৌরকর বিষয়ে সচেতনতামূলক র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হবে। এ ছাড়াও ১৫ এপ্রিল ২০১৭ খ্রি. বেলা সাড়ে ১১ টায় কেন্দ্রীয়ভাবে র্যালী ও সমাবেশ আন্দরকিল্লা ইঞ্জিনিয়ার আবদুল খালেক চক্রে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

১২ এপ্রিল ২০১৭ খ্রি.

**শুভ নববর্ষ ১৪২৪ বঙ্গাব্দে মাননীয় মেয়রের বাণী**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ১৪২৪ বঙ্গাব্দের শুভ আগমনে এক বাণী দিয়েছেন। বাণীতে মেয়র বলেন, বাঙালির একটি মাত্র উৎসবের দিন শুভ নববর্ষ। এ দিনে মনের মাধুরী দিয়ে নিজেদের রাঙিয়ে নেন বাঙালি, প্রতিটি ঘর হয় আনন্দ উৎসবের। চিরায়িত ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতির আদলে এ দিনটিকে উৎসবে আনন্দে উপভোগ করা হয়। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলা নববর্ষে সকলকে শুভেচ্ছা জানিয়ে প্রত্যেকের জীবনের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেন। তিনি আশা করেন, অন্যায় ও অসুন্দর পথ পরিহার করে সত্য ও সুন্দরের জন্য সকলেই নিবেদিত হবে। মেয়র আরো আশা করেন, রাজনৈতিক হিংসা-বিদ্বেষ, হানা-হানি, সংঘাত, জঙ্গী ও সন্ত্রাসী কার্যক্রম থেকে দূরে থেকে দেশপ্রেমকে শানিত করে সকলে মিলেমিশে দেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সচেষ্ট হবেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা